ঝিনাইদহে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

একুশের প্রথম প্রহরে শহীদ মিনারে কণ্ঠে কণ্ঠে সেই গান- আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি।

রাষ্ট্রভাষা বাংলার দাবিতে ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাঙালির রক্তে রঞ্জিত হয়েছিল রাজপথ। রক্তের দামে এসেছিল বাংলার স্বীকৃতি আর তার সিঁড়ি বেয়ে মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত হয় স্বাধীনতা।

মাতৃভাষার মর্যাদা রক্ষায় বাঙালির এই আত্মত্যাগের দিনটি এখন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে সারা বিশ্বে।

গর্ব আর শোকের এই দিনটি বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে পালন করেছে জাতি, যার সূচনা হয়েছে শহীদ মিনারে ফুল দিয়ে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে।
একুশের প্রথম প্রহরেই শহরের কেন্দ্রীয় শহীদ মিনারে র্যালী যোগে আসতে শুরু করে নানা সংগঠন। জড়ো হয় শহীদ মিনারের পাদদেশে।

রাত ১২ টা ১ মিনিটে প্রথমে জেলা প্রশাসনের আয়োজনে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এ সময় ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি, সংরক্ষিত মহিলা আসনে সংসদ সদস্য খালেদা খানম, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, ঝিনাইদহ জেলা যুবলীগের যুগ্ম-আহবায় শফিকুল ইসলাম শিমুল, ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সভাপতি- রানা হামিদ, সাধারণ সম্পাদক – আব্দুল আওয়ালসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

পরে একে একে জেলা পুলিশ, বিচার বিভাগ, বিভিন্ন সাংবাদিক ক্লাবসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনসহ নানা শ্রেণি পেশার মানুষ শহীদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

মহেশপুরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

ঝিনাইদহ মহেশপুর উপজেলায় নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। রাত ১২ টা ১ মিনিটে উপজেলা প্রশাসনের আয়োজনে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয় এবং পরবর্তীতে মহেশপুর থানা পুলিশ, বাংলাদেশ আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের নানা শ্রেণি পেশার মানুষ শহীদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

একুশের প্রথম প্রহরে শহরের কেন্দ্রীয় শহীদ মিনারে দলে দলে র্যালী নিয়ে জড়ো হয় প্রশাসনিক, সামাজিক ও রাজনৈতিক সংগঠন। মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনসহ ঝিনাইদহের মহেশপুর উপজেলা শহীদ মিনারে, পুষ্পস্তবক অর্পণ ও ভাষা শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল, উপজেলা পরিষদের চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা শাশ্বতী শীল, উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন, পৌর মেয়র আব্দুর রশিদ খাঁন, মহেশপুর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলামসহ উপজেলার প্রশাসনিক কর্মকর্তা ও আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতাকর্মী।

আলমডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায়

মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে উপজেলা প্রশাসন, বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠন পৃথক পৃথক ভাবে শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করেছে। গতকাল রাত ১২ টা ১ মিনিটে শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

উপজেলা প্রশাসনের উদ্যোগে ২১শে ফেব্রুয়ারি সকাল ৭ টার দিকে র্যালী সহকারে শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে। এ সময় চিত্রাঙ্কন, কবিতা আবৃত্তি, সংগীত প্রতিযোগিতা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন, প্রধান বক্তা পৌর মেয়র উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার ভুমি হুমায়ন কবির, থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থাপনায়, অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ।

উপজেলা সমাজসেবা অফিসার আফাজ উদ্দিন, আলমডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ্ আলম মন্টু, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা খন্দকার হামিদুল ইসলাম আজম, আবাসিক প্রকৌশলী হাবিবুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী তুষার কান্তি, রফিকুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার শামসুজ্জোহা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারি, উপজেলা বিআরডিবি অফিসার সায়লা শারমীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, উপজেলা মৎস অফিসার কামরুন্নাহার আখি,

উপজেলা প.প কর্মকর্তা হাসানুজ্জামান খান, উপজেলা যুব উন্নয়ন

অফিসার আনিসুজ্জামান, বীর মুক্তিযোদ্ধা ডাঃ শাহাবুদ্দিন, আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু, বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন, বীর মুক্তিযোদ্ধা মনীন্দ্রনাথ দত্ত, ওয়াজেদ আলী মাস্টার, ভিডিবি কর্মকর্তা সাইদুর রহমান, উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার মুঞ্জুরুল ইসলাম বেলু,

উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ লিয়াকত আলী লিপু মোল্লা, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ জামসিদুল হক মুনি, সরকারি উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধক্ষ কৃষিবিদ গোলাম সরোয়ার, প্রভাষক রফিকুল ইসলাম, তাপস রশিদ প্রমুখ।
সভায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অতিথি বৃন্দ।

সংগীত পরিবেশন করেন কলা কেলাকেন্দ্র, মুক্তিযোদ্ধা সাংস্কৃতিক শিল্পি গোষ্টি, ও স্প্রিন্টাস সাংস্কৃতিক গোষ্টি। চিত্রাঙ্কন ও কবিতা আবৃতিতে অংশ নেয় বালিকা বিদ্যালয়, কলেজিয়েট স্কুল, সরকারি উচ্চবিদ্যালয়, ব্রাইট মডেল স্ক্লু, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, সরকারি কলেজসহ বিভিন্ন সামাজিক সংগঠন।

জীবননগরে যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

জীবননগর উপজেলায় আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও চিত্রাঙ্কনের মধ্যে দিয়ে যথাযোগ্য মর্যদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন করা হয়েছে।

গতকাল রবিবার সকাল ৮ টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ থেকে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে একটি র্যালী বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, উপজেলা পরিষদের ভাইস চেযারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,

জীবননগর থানার ওসি সাইফুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান, মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বিনেশ চন্দ্র পাল, উপজেলা সমাজসেবা অফিসার জাকির হোসেন মোড়ল, সমবায় অফিসার মতেহার হোসেনসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, কর্মচারী ও জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

দর্শনায় যথাযোগ্য মর্যাদায় মহান ২১শে ফেব্রুয়ারি পালিত

সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গা জেলার দর্শনাতেও বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে অমর ২১শে ফেব্রুয়ারি পালিত হয়েছে।

গতকাল রোববার সকাল সাড়ে ৭ টায় দর্শনা পৌর আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে জাতীয়, দলীয় ও শোক পতাকা উত্তোলন করা হয়। এরপর বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পূস্পমাল্য অর্পণ করা হয়।

সকাল ৮ টায় দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌর/কলেজ মাঠে গণজমায়েত হয়। বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রী, রাজনৈতিক দল, ব্যবসায়ী, সাংবাদিকসহ সকল শ্রেণি পেশার মানুষ আসেন। এরপর জাতীয় পতাকা ও শোক পতাকা উত্তোলন করা হয়।

জাতীয় পতাকা উত্তোলন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান

আলী মুনসুর বাবু ও শোক পতাকা উত্তোলন করেন, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান। এরপর দর্শনা সরকারি কলেজে অবস্থিত দর্শনার কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে অবস্থান করে সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানাতে এক মিনিট নিরবতা পালন করা হয় ও শপথ বাক্য পাঠ করানো হয়। শপথ বাক্য পাঠ করান, দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শহীদুল ইসলাম।

তারপরে একে একে সকল শ্রেণি পেশার মানুষ ২১শে ফেব্রুয়ারি ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে শহীদ বেদিতে পুস্পমাল্য অর্পণ করেন। সকল শহীদদের বিনম্র শ্রদ্ধা জানিয়ে শহীদ মিনারে পূস্পমাল্য অর্পণ করে, রাজনৈতিক দল- আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, বিএনপি, জাতীয় পার্টি, জাসদ, দর্শনা সরকারি কলেজ, দর্শনা ডি এস ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা, দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দক্ষিণ চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়, মেমনগর বি ডি মাধ্যমিক বিদ্যালয়, দর্শনা আইডিয়াল স্কুল এন্ড কলেজ, অংকুর আদর্শ বিদ্যালয়,

লিটিল এনজেল্স স্কুল, আদর্শ প্রি ক্যাডেট স্কুল, আজমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ব রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পশ্চিম রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, জয়নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ঈশ্বরচন্দ্রপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, শান্তি নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পরানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কাস্টম সরকারি প্রাথমিক বিদ্যালয়, দর্শনা পৌর বিশেষ প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠান, দর্শনা প্রেস ক্লাব, ফারিয়া, রেল বাজার দোকান মালিক সমিতি, পুরাতন বাজার দোকান মালিক সমিতি, দর্শনা সোসাইটি, মৌচাক সংগঠন, সাম্প্রতিক সাংস্কৃতিক সংগঠন, অনির্বাণ থিয়েটার, ওয়েভ ফাউন্ডেশন, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান উপজেলা শাখাসহ বিভিন্ন পেশাজীবী মানুষ।

মেহেরপুরের বারাদীতে যথাযোগ্য মর্যাদায় অমর একুশে পালন

অমর একুশে। জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ভাষা আন্দোলনের ৬৯ বছর পূর্ণ হলো। অমর একুশের শহীদদের প্রতিশ্রদ্ধা। সব পথ এসে মিশে গেছে এক অভিন্ন গন্তব্য শহীদ মিনারে।

বসন্তে ফোটাফুলের স্তবক হাতে, নগ্ন পায়ে ধীরে ধীরে বেদির দিকে এসে ফুল অর্পণ করেন সবাই। কণ্ঠে সেই অমর গান ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি/ আমি কি ভুলিতে পারি, ভাষা শহীদদের প্রতি নিবেদিত শ্রদ্ধার ফুলে ফুলে ঢেকে গেছে মোমিনপুর স্কুল মাঠের শহীদ মিনারের বেদি।

বাঙালি জাতির জীবনের এক অবিস্মরণীয় দিন। অমর একুশে ফেব্রুয়ারি স্মরণে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গতকাল আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গ সংগঠনসহ, বারাদী ইউনিট আওয়ালীগ, মোমিনপুর ডাইমন্ড ক্লাব, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়, মোমিনপুর সরকারী প্রাথমিক,

বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, বারাদী ইউনিট কৃষক লীগ, শিংহাটি পশ্চিম পাড়া প্রাথমিক বিদ্যালয়, পাটকেলপোতা প্রথমিক বিদ্যালয়, হাসানাবাদ প্রাথমিক বিদ্যালয়, জুগিন্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়, বারাদী ইউনিট ছাত্রলীগ, বারাদী বিএডিসি, র্যালী নিয়ে ফুল প্রদান করেন এবং দিন ব্যাপী বিস্তারিত কর্মসূচি পালন করেছে।

বামন্দীতে যথাযোগ্য মর্যাদায় মাতৃভাষা দিবস পালিত

করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে গাংনী উপজেলার বামন্দী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে জাতীয় পতাকা অর্ধনিমিত ও কবিতা আবৃত্তির মধ্যে দিয়ে আর্ন্তজাতিক মার্তৃভাষা দিবস উৎযাপন করা হয়েছে।

গতকাল রবিবার সূর্যদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর বিদ্যালটির শ্রেণী কক্ষে আয়োজন করা হয় শিক্ষার্থীদের চিত্রাঙ্কন ও কবিতা আবৃত্তির প্রতিযোগিতা। পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুকবুল হোসেন, শিক্ষানুরাগী তরুণসহ বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা বৃন্দ।

দামুড়হুদায় ৪০০ বস্তা ক্ষুদ চোর ট্রাকচালক আটক

দামুড়হুদা জয়রামপুরের ট্রাকচালক সাগর চালের ক্ষুদ চুরি করে পুলিশের হাতে আটক হয়েছেন।

জানা গেছে, দামুড়হুদা উপজেলার জয়রামপুরের তারিনিপুর গ্রামের মইদুলের ছেলে ট্রাকচালক সাগর(২২) গত ১২ ফেব্রুয়ারি নাটোর গুরুদাসপুর চাল ব্যবসায়ীর নিকট থেকে ৪০০ বস্তা ক্ষুদ কুষ্টিয়া চাল ব্যবসায়ীর নিকট নিয়ে আসার জন্য রওনা হয়। চতুর ট্রাকচালক সাগর চালের ক্ষুদ গুলো কুষ্টিয়া চাল ব্যবসায়ীর নিকট না নামি পূর্বপরিকল্পনা অনুযায়ী ক্ষুদ গুলো জয়রামপুর নওদাপাড়ার আ: সালাম টুনর ছেলে টিটুর নিকট ৭ লক্ষ টাকার ক্ষুদ ২ লক্ষ ৯০ হাজার টাকা বিনিময়ে বিক্রি করেন।

এ বিষয়ে নাটোরের চাল ব্যবসায়ী ট্রাকচালক সাগরের নাম উল্লেখ করে নাটোর গুরুদাসপুর থানায় একটি মামলা দায়ের করেন। নাটোর গুরুদাসপুর থানা পুলিশ চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপারের নিকট বিষয়টি জানান।

পরে পুলিশ সুপারের নির্দেশে চুয়াডাঙ্গা সদর থানা ও দামুড়হুদা মডেল থানা পুলিশের সার্বিক সহযোগিতায় ট্রাক চালক সাগরের পরিচয় সনাক্ত করে গতকাল রাত ৭ টার দিকে সাগরকে আটক করা হয়।

সাগরের তথ্য অনুযায়ী তার বাড়িতে গিয়ে ক্ষুদ বিক্রয় করার অবৈধ

টাকা কোথায় জানতে চাললে সাগর তার বাড়ির ঘরের ড্রয়ারে থেকে ৫০ হাজার টাকা উদ্ধার করেন। সাগর পুলিশ হেফাজতে আছেন বলে জানা গেছে।

গুরুদাসপুর থানা সূত্রে জানা গেছে, নাটোর গুরুদাসপুরের চাল ব্যবসায়ী নিকট থেকে ট্রাকচালক সাগর কুষ্টিয়ার চাল ব্যবসায়ী কাছে ক্ষুদ নিয়ে আসেন গত ১২ তারিখ।

ট্রাকচালক সাগর ক্ষুদের গাড়ী গন্তব্য স্থান কুষ্টিয়া চাল ব্যবসাীর নিকট না নামিয়ে নিজ গ্রাম চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামে নিয়ে বিক্রয় করে দেন। এ বিষয়ে চাল ব্যবসায়ী গুরুদাসপুর থানায় একটি মামলা করেন। মামলার পরিপেক্ষিতে চুয়াডাঙ্গা জেলা পুলিশের সহযোগিতায় ট্রাকচালক সাগরকে আটক করা হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আইসিটি ইনকিউবেটর এন্ড ল্যাঙ্গুয়েজ সেন্টার উদ্বোধন

ঝিনাইদহের বেকার তরুণদের কর্মসংস্থানের কথা চিন্তা করে জাহেদী ফাউন্ডেশনের পৃষ্ঠপোষকতায় ও জেলা প্রশাসনের সহযোগিতায় গতকাল রবিবার বিকাল ৪ টায় ভাষা সৈনিক মুসা মিয়া আইসিটি ইনকিউবেটর এন্ড ল্যাঙ্গুয়েজ সেন্টার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক নাসের শাহরিয়ার জাহেদী, পৌর মেয়র সাইদুল করিম মিন্টু।

পাশাপাশি উপস্থিত হয় প্রশিক্ষণ নিতে আগ্রহী এমন দেড় শতাধিক তরুণ-তরুণী। আলোচকগণ বলেন এখানে উন্নত প্রশিক্ষকদের মাধ্যমে আগ্রহী

বেকার তরুণ তরুণীদের ফ্রি ফ্রিল্যান্সিং ও ল্যাংগুয়েজ কোর্স করানো হবে। ২৪ ঘন্টা আউটসোর্সিং এর কাজ চলবে এই সেন্টারে। চাকরির পেছনে না ছুটে ঘরে বসে প্রতিনিয়ত ইনকাম করার সকল রকম সুবিধা তৈরি হবে এখান থেকে।

করোনা প্রতিরোধে অবদান রাখায় কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান ইনুকে স্বর্ণপদক প্রদান

সফলভাবে করোনা প্রতিরোধে অবদান রাখার জন্য বাংলাদেশ ইউনিয়ন পরিষদ ফোরাম দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মোহাম্মদ এনামুল করিম ইনুকে যোগ্য সমাজ সেবক হিসেবে সম্মাননা স্মারক ও স্বর্ণপদক প্রদান করেছে।

স্বর্ণপদক লাভে সহযোগিতা করায় কুড়ুলগাছি ইউনিয়নবাসীসহ সকল ইউপি সদস্য এবং অত্র ইউনিয়নের সকল নেতা-কর্মীকে আন্তরিক কৃতজ্ঞতা, শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন তিনি।